

গ্রন্থাগারিকদের পেশার মানোন্নয়নের আহ্বান

রাজশাহী অফিস ॥ জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভিসি ডঃ দুর্গাদাস ভট্টাচার্য বুলিয়াছেন, বাংলাদেশের গ্রন্থাগারিকদের পেশার মান উন্নয়ন ও দক্ষতা গড়িয়া তুলিতে রাজশাহীর ইস্টিটিউট ফর লাইব্রেরী এন্ড ইনফরমেশন স্টাডিজ (ইলিশ) বলিষ্ঠ ভূমিকা রাখিতে পারে। তিনি সকল প্রতিকূলতা কাটাইয়া ইলিশকে একটি আদর্শ ইস্টিটিউট হিসাবে গড়িয়া তুলিতে প্রতিষ্ঠানের বোর্ড অব ডিরেক্টরসের প্রতি আহ্বান জানান।

গত মঙ্গলবার বঙ্গমাতা পরিষদ রাজশাহী বিভাগ, ল্যাব রাজশাহী বিভাগ ও ইলিশ-এর বোর্ড অব ডিরেক্টরস যৌথভাবে ঢাকায় জাতীয় বিশ্ববিদ্যালয়ের কার্যালয়ে ভাইস-চ্যান্সেলরের সহিত সাক্ষাৎ করিলে তিনি এই আহ্বান জানান। তিনি গ্রন্থাগার ও গ্রন্থাগারিকতার উন্নয়নে জাতীয় বিশ্ববিদ্যালয়ের নিজস্ব উদ্যোগের পাশাপাশি আন্তর্জাতিক সহায়তা প্রাপ্তিতে সহযোগিতা প্রদানেরও আশ্বাস দেন।